



প্রশাসনে থাকা ফ্যাসিবাদের দোসররা এখনও ষড়যন্ত্র করছে: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

প্রশাসনের বিভিন্ন পর্যায়ে ফ্যাসিবাদের দোসররা এখনও অবস্থান করছে এবং সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে বলে অভিযোগ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

বুধবার (৭ অক্টোবর) দুপুরে রাজধানীর শাহবাগে ডেঙ্গু সচেতনতা বাড়াতে আয়োজিত লিফলেট বিতরণ কর্মসূচিতে অংশ নিয়ে তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, প্রিজন ভ্যান থেকে মাদক কারবারির পালিয়ে যাওয়ার ঘটনাই প্রমাণ করে পতিত সরকারের অনুসারীরা এখনও প্রশাসনের বিভিন্ন জায়গায় ঘাপটি মেরে রয়েছে।

ডেঙ্গু পরিস্থিতি নিয়েও কথা বলেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব। তিনি জানান, জনস্বার্থে সরকার ডেঙ্গু পরীক্ষা বিনামূল্যে করার উদ্যোগ নিয়েছে। ডেঙ্গু মোকাবিলায় সারাদেশে বিএনপির নেতাকর্মীদের নিজ নিজ এলাকায় কার্যক্রম নেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান।

LENS ASIA